গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
'যুব ভবন' ঢাকা।
www.dyd.gov.bd

# জুলাই ২০২৪ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মো: সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর
তারিখ : ২৮.০৮.২০২৪ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ | নাম ও পদবী | দপ্তর |
|---|---|---|
| ০১. | ড. গোলাম মোঃ ফারুক, প্রকল্প পরিচালক | যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০২. | জনাব মো: খোরশেদ আলম, প্রকল্প পরিচালক | EARN প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৩. | জনাব এম এ আখের, পরিচালক (পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক | টেকাব (২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৪. | জনাব প্রিয় সিন্ধু তালুকদার, পরিচালক (বাস্তবায়ন ও মনিটরিং) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৫. | জনাব এস,এম আলমগীর কবীর, প্রকল্প পরিচালক | ইমপ্যাক্ট-(৩য় পর্যায়), যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৬. | জনাব এ কে এম মফিজুল ইসলাম, পরিচালক (দা: বি ও ঋণ) | যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৭. | জনাব মো: আব্দুর রেজ্জাক, পরিচালক (অর্থ) ও প্রকল্প পরিচালক | ফ্রিল্যান্সিং প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৮. | জনাব মোঃ সেলিমুল ইসলাম, উপপরিচালক ও প্রকল্প পরিচালক | ফিজিবিলিটি স্টাডি প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ০৯. | জনাব খান মো: নইম, উপপরিচালক, সিনিয়র গবেষণা কর্মকর্তা | EARN প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ১০. | জনাব মরিয়ম আক্তার, সিনিয়র প্রকল্প কর্মকর্তা | EARN প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ১১. | জনাব মো: শওকত আলী, সহকারী পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক | ফ্রিল্যান্সিং প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ১২. | শাহ মো: আরিফুর রহমান, সহকারী পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক | ফ্রিল্যান্সিং প্রকল্প, দেশের ৪৮টি জেলায় ফ্রিল্যান্সিং প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ১৩. | জনাব মো: নাজিম উদ্দিন আহমেদ, সহকারী প্রকল্প পরিচালক | যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ১৪. | জনাব মো: হাছিনুর রহমান তালুকদার, সহকারী প্রকল্প পরিচালক | টেকাব (২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর |
| ১৫. | জনাব সালেহ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর |

৩.০ উপস্থাপনাঃ

সভার শুরুতে সভাপতি মহোদয় ২০২৪-২০২৫ অর্থবছরের প্রকল্পের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি পরিচালক (পরিকল্পনা) কে সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানান। পরিচালক (পরিকল্পনা) ১০টি প্রকল্পের সার সংক্ষেপ বর্ণনা করেন। অতপর: সহকারী পরিচালক (পরিকল্পনা-২) কে সভার কার্যক্রম উপস্থাপন করার অনুরোধ জানান। সহকারী পরিচালক (পরিকল্পনা-২) সভায় জানান গত ৮ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রকল্প পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কারো কোনো আপত্তি না থাকলে সভায় তা নিশ্চিত করা যায়। সভায় কারো কোনো আপত্তি না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৩.১ সহকারী পরিচালক (পরিকল্পনা-২) সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মোট ১০টি উন্নয়ন প্রকল্পে বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে। এ প্রকল্পগুলোর অনুকূলে মোট এডিপি বরাদ্দ ৮৯২৩৩.০০ (জিওবি ১২৬০৬.০০ ও প্রকল্প সাহায্য ৭৬৬২৭) লক্ষ টাকা। আলোচ্য অর্থ বছরের জুলাই ২০২৪ পর্যন্ত প্রকল্পগুলোর অনুকূলে বরাদ্দের বিপরীতে ব্যবহৃত অর্থের পরিমাণ ৬৫৫.৮২ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ০.৭৩ শতাংশ।

(চলমান-২)

G-Resolution

৩.২ অতঃপর সভায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চলমান এডিপিতে অন্তর্ভুক্ত ১০টি প্রকল্পের জুলাই ২০২৪ পর্যন্ত সময়ে নিম্নরূপ অগ্রগতি তুলে ধরা হয়ঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ | প্রকল্পের নাম | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়) | |
|---|---|---|---|
| | | বরাদ্দ | ব্যয় (%) |
| ০১ | যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প (১ম সংশোধিত) | ১৭৩৯.০০ | ৩১৮.৯৪<br>১৮.৩৪% |
| ০২ | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) | ৫৪৪০.০০ | -<br>- |
| ০৩ | টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ (২য় পর্যায়) প্রকল্প | ১৩০৪.০০ | ১৭.০৫<br>১.৩০ % |
| ০৪ | শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প (১ম সংশোধিত) | ১৭৩২.০০ | ১৪৪.০০<br>৮.৩১ % |
| ০৫ | LYTC & SNYP Life Skills Project | ১৬৯.০০ | -<br>- |
| ০৬ | Economic Acceleration and Resillience for NEET (EARN) ) Project | ৭২২৮১.০০ | -<br>- |
| ০৭ | Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) Project | ৪৫৮৭.০০ | ১৭৫.৮৩<br>৩.৮৩% |
| ০৮ | ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি প্রকল্প। | ১৮১.০০ | -<br>- |
| ০৯. | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ৮০০.০০ | -<br>- |
| ১০. | ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায় ) প্রকল্প | ১০০০.০০ | -<br>- |
| | **সর্বমোট** | **৮৯২৩৩.০০** | ৬৫৫.৮২<br>০.৭৩ % |

৪.০ আলোচনাঃ

৪.১ যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরে বলেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় দেশের ৪০টি জেলায় যানবাহন চালনা প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং প্রকল্প মেয়াদে ৪০ হাজার বেকার যুবক/যুবনারীর প্রশিক্ষণের সংস্থান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে জুলাই মাসে প্রথম ব্যাচ সম্পন্ন করা হয়েছে। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর প্রকল্পের মেয়াদ শেষ হবে। মেয়াদকালীন সময়ে আরো ৫টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে। প্রকল্পের শুরু হতে জুলাই ২৪ পর্যন্ত সময়ে মোট ৩৪,৮০১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরের আগষ্ট ২০২৪ মাসে ২ টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ডিপিপি মোতাবেক চলতি অর্থ বছরে বরাদ্দ রয়েছে ১৯৩১.২১ লক্ষ টাকা কিন্তু এডিপিতে বরাদ্দ রয়েছে ১৭৩৯.০০ লক্ষ টাকা, এতে দেখা যায় ডিপিপি অনুযায়ী ১৯২.২১ লক্ষ টাকা ঘাটতি রয়েছে। ফলে প্রকল্প মেয়াদে ১০০% প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা সম্ভব হবে না। সভাপতি মহোদয় এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

৪.২ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের কোন বাজেট ছাড় হয়নি বিধায় প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং কর্মচারীদের জুলাই ২৪ মাসের বেতন ভাতাদি প্রদান করা হয়নি। বেতন ভাতাদি প্রদান না করায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রতি অসন্তোষ প্রকাশ করেন। বর্ষাকালীন সময়ে আশানুরুপ বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করতে না পারায় বিকল্প পদ্ধতি গ্রহণ করতে হবে। রেডিটাইম পলিমার দিয়ে তৈরী

(চলমান-৩)

কেন্দ্র (বিভাগীয় শহরে হবে). ইলেকট্রিক্যালে এন্ড হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ কেন্দ্রের ৬৫টি কেন্দ্র, ইলেট্রনিক্স কেন্দ্রের ৬৫টি কেন্দ্র এবং রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং কেন্দ্রের ৬৫টি কেন্দ্রসহ সর্বমোট ২৭৪টি প্রশিক্ষণ কেন্দ্রের জন্য প্রশিক্ষণ যন্ত্রাংশ ক্রয় করে মাঠ পর্যায়ে সরবরাহ করা হচ্ছে। নতুন ২টি প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন কোর্স আগামী জানুয়ারি ২০২৫ হতে জুন ২০২৫ ব্যাচে শুরু করার জন্য রংপুর ও ময়মনসিংহ কমিটির প্রতিবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট রংপুর ও ময়মনসিংহ জেলায় পত্র দেয়া হবে। আর অন্যান্য কার্যক্রম যেমন-কম্পিউটার প্রশিক্ষণ সরঞ্জামাদি (ল্যাপটপ, Split Type এয়ার কুলার ও LED ডিসপ্লে) ক্রয়ের জন্য ই-জিপি সিষ্টেমে অনলাইনে দরপত্র আহবান করা হয়েছে বলে প্রকল্প পরিচালক সভায় জানান।

৪.১০ দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক সভায় বলেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপিতে কোন বরাদ্দ না থাকায় কোনো ব্যয় করা সম্ভব হয়নি। বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

৪.১১ বিবিধ আলোচনায় সভাপতি মহোদয় সকল প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিতভাবে প্রকল্প পরিদর্শনের তাগিদ প্রদান করেন এবং প্রকল্প পরিদর্শন করতে হবে। প্রকল্পের অগ্রগতির সুস্পষ্ট এবং তথ্য ভিত্তিকভাবে প্রতিবেদন প্রতি মাসের প্রথম ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে পরিকল্পনা উইংয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

**৫.০ সিদ্ধান্তঃ**

সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৫.১ যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের ডিপিপি অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপিতে ১৯২.২১ লক্ষ টাকা ঘাটতি রয়েছে। ঘাটতিকৃত টাকা সংস্থানের প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে ;

৫.২ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্পের মাঠ পর্যায়ের বেতন প্রদান এবং রেডিটাইম পলিমার দিয়ে তৈরী বায়োগ্যাস প্ল্যান্ট প্রস্তুত কারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিতে হবে;

৫.৩ টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ-টেকাব (২য় পর্ব) প্রকল্প মন্ত্রণালয়ে প্রেরিত আরডিপিপি সংক্রান্ত কাজে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং ক্ষতিগ্রস্ত গাড়ী মেরামতের ব্যবস্থা নিতে হবে ;

৫.৪ শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রেখে আরো অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীদের আয়ের ব্যবস্থা সৃষ্টি করতে হবে ;

৫.৫ Life Skills Education in Youth Training Center & Strengthening of National youth platform (LYTC & SNYP) প্রকল্পের - ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ম কিস্তির ব্যয় নিশ্চিত করতে হবে;

৫.৬ Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প অর্থনৈতিক কোড সংশোধনের জন্য প্রকল্পের পিআইসি সভা আহবান করতে হবে ;

৫.৭ ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে যে সকল প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করা হবে সেগুলোর জন্য যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

৫.৮ কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের লক্ষমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শেষ করতে হবে এবং অবকাঠামোগত উন্নয়নের কাজসমূহ দৃশ্যমান হতে হবে;

৫.৯ ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) প্রকল্পের নতুন কেন্দ্রসমূহে (ময়মনসিংহ, রংপুর) প্রশিক্ষণ যথাসময়ে শুরু করতে হবে ;

(চলমান-৫)

বায়োগ্যাস প্ল্যান্ট প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে দ্রুত সিদ্ধান্ত নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও মাঠ পর্যায়ের সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সম্প্রসারণ, বায়োগ্যাস প্রযুক্তি ও প্রকল্পের ঋণ কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণের জন্য প্রস্তুতকৃত সনদপত্রে প্রকল্প পরিচালককে স্বাক্ষর করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।

৪.৩ টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ-টেকাব (২য় পর্ব) প্রকল্পের প্রকল্প পরিচালক ও অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) সভায় অবহিত করেন যে, প্রকল্পের ডিপিপিতে ১ম পর্বের ৭টি ভ্যান এবং ২য় পর্বের আওতায় নতুন ১৪টি প্রশিক্ষণ ভ্যানসহ মোট ২১টি প্রশিক্ষণ ভ্যানের মাধ্যমে মোট ১২৮৮০ জনকে প্রকল্প মেয়াদে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। জুলাই ২০২৪ পর্যন্ত সময়ে ৬৭১৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৭টি প্রশিক্ষণ ভ্যান সংগ্রহ করতে না পারায় লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না। তাছাড়া গত জুলাই ২০২৪ এবং আগষ্ট ২০২৪ মাসে দেশের রাজনৈতিক পরিস্থিতির কারণে প্রকল্পের কয়েকটি গাড়ী ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হয় বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

৪.৪ শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক ও অধিদপ্তরের পরিচালক (অর্থ) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় দেশের ১৬টি জেলায় কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, ফ্রিল্যান্সিং, বেসিক ইংলিশ, ডিজিটাল মার্কেটিং, সফটস্কিল ট্রেনিং ও স্মার্টফোনের মাধ্যমে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের শুরু থেকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৬৪০০ জন এবং প্রকল্পের আওতায় শুরু হতে জুলাই ২০২৪ পর্যন্ত সময়ে মোট ৩২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত যুবরা প্রায় ১৫,০০৫৭৩ লক্ষ ডলার আয় করছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

৪.৫ Life Skills Education in Youth Training Center & Strengthening of National youth platform (LYTC & SNYP) প্রকল্পের অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত ১৬৯.০০ লক্ষ টাকার মধ্যে জুন ২০২৪ পর্যন্ত ছাড় করা হয়েছে ৪২.২৫ লক্ষ টাকা। যা প্রাক্কলিত ব্যয়ের ১৮.০৮%। প্রকল্প পরিচালক বলেন ১ম কিস্তির টাকা পাওয়া গিয়েছে এবং সে মোতাবেক অর্থ ব্যয় করা হবে।

৪.৬ Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপিতে ৭২২৮১ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ৯৮.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে যা মোট বরাদ্দের ০.১৪%। এছাড়া প্রকল্প পরিচালক বলেন ডিপিপিতে অর্থনৈতিক কোড ভুল থাকায় বাজেটর অর্থ ব্যয় করা যাচ্ছে না। সভাপতি মহোদয় এ ব্যাপারে প্রকল্প পরিচালক এবং পরিচালক (পরিকল্পনা) কে এ সকল ত্রুটি সংশোধণের ব্যবস্থা গ্রহণ এবং প্রকল্পের কার্যক্রম গতিশীল করার জন্য নির্দেশ প্রদান করেন।

৪.৭ ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত ৫০ কোটি টাকার উর্ধ্বে সকল প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করা হবে। Skill Development and Empolyment Generation for Youth of host Community Under Chattogram Division প্রকল্প এবং যুব উদ্যোক্তা সৃজন প্রকল্প ২টির জন্য EoI আহবানের কাজ চলমান রয়েছে।

৪.৮ কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থ বছরের ৮০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে যার মধ্যে জুলাই ২৪ পর্যন্ত ৭.৫৮ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের কর্মপরিকল্পনানুযায়ী ৭টি ব্যাচে ৫১০ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। ইতোমধ্যে ২টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং বর্তমানে আরো ০২টি ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে। তিনি আরও বলেন যে, অবকাঠামো মেরামত ও সংস্কার কার্যক্রমের প্রস্তুতি চলমান রয়েছে যা অতিশীঘ্রই দৃশমান হবে। অবকাঠামোগত সংস্কার ও মেরামত কার্যক্রম শেষ হলে পাওয়ার পয়েন্টের মাধ্যমে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

৪.৯ ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্পের আওতায় দেশের ৬৪টি জেলায় (কম্পিউটার বেসিক ও আইসিটি এপ্লিকেশন কোর্সের ৭১টি কেন্দ্র, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন কোর্সের ৮টি

(চলমান-৪)

৫.১০ দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পের বাজেট প্রাপ্তির ব্যাপারে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

৫.১১. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত প্রতিবেদন এবং সকল প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিতভাবে প্রকল্প পরিদর্শন করে নির্ধারিত ছক মোতাবেক প্রতিবেদন পরিকল্পনা উইং এ প্রতিমাসের প্রথম তিন কর্মদিবসের মধ্যে প্রেরণ করতে হবে।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

০৩.০৯.২০২৪

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
dg@dyd.gov.bd

নম্বর- ৩৪.০১.০০০০.০২৫.০৮.০৬.১৯-৬৬৩

তারিখঃ ১৯ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

বিতরণ:

০১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্ম সচিব, উন্নয়ন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়);
০২. পরিচালক.......................................................................... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৩. প্রকল্প পরিচালক, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৪. প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৫. প্রকল্প পরিচালক, টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৬. প্রকল্প পরিচালক, শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৭. প্রকল্প পরিচালক, Life Skills Education in Youth Training Center and Strengthening of National Youth Platform প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৮. প্রকল্প পরিচালক, Economic Acceleration and Resillience for NEET (EARN) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
০৯. প্রকল্প পরিচালক, Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) Project;
১০. প্রকল্প পরিচালক, ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
১১. প্রকল্প পরিচালক, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প,যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
১২. প্রকল্প পরিচালক, ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
১৩. প্রকল্প পরিচালক, দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০২. মহাপরিচালক (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
০৩. পরিচালক (পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

(মো: হাছিনুর রহমান তালুকদার)
সহকারী পরিচালক (পরিকল্পনা-৩)



G-Resolution

যুব উন্নয়ন অধিদপ্তর
পরিকল্পনা উইং

**বিষয়: প্রকল্প পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি।**

প্রকল্পের নাম :

প্রতিবেদনাধীন মাস :

| পরিদর্শনকারী কর্মকর্তা | পরিদর্শনের তারিখ | পরিদর্শনকৃত জেলা/ উপজেলা | প্রধান প্রধান সুপারিশ সমূহ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

প্রকল্প পরিচালকের স্বাক্ষর: